

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৪৫৫

আগরতলা, ৩ অক্টোবর, ২০২৪

শারদোৎসব উপলক্ষে পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক আইন-শৃঙ্খলা বিষয়ক সভা

আসন্ন শারদোৎসব উপলক্ষে আজ মুক্তধারা অডিটোরিয়ামে আইন শৃঙ্খলা বিষয়ক এক সভা অনুষ্ঠিত হয়। পশ্চিম জেলা আরক্ষা প্রশাসন এই সভার আয়োজন করে। সভায় পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, পশ্চিম জেলার পুলিশ সুপার কিরণ কুমার কে, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ, বিভিন্ন ক্লাব ও পূজা কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকগণ অংশ নেন।

সভায় আলোচনার সূচনা করেন পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত পুলিশ সুপার চিরঞ্জীব চক্রবর্তী। তিনি পূজা উদ্যোক্তাদের সরকারি নির্দেশিকা মেনে চলার আহ্বান জানান। সভায় পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার আশা প্রকাশ করেন এবারের দুর্গোৎসব জেলা প্রশাসন, আরক্ষা প্রশাসন, সংশ্লিষ্ট দপ্তর ও ক্লাবগুলির সহযোগিতায় আনন্দময় হয়ে উঠবে। কারও সহযোগিতার প্রয়োজন হলে তিনি সিএম হেল্পলাইন ১৯০৫-এ ফোন করার আহ্বান জানান। পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপার কিরণ কুমার কে আসন্ন দুর্গোৎসবকে শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি পূজা প্যাডেলে সবসময় পর্যাপ্ত স্বেচ্ছাসেবক রাখার পাশাপাশি রাজ্য সরকার কর্তৃক নির্ধারিত ১৪টি নির্দেশিকা মেনে চলার আহ্বান জানান।

তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য বলেন, সরকারের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৪ অক্টোবর মহারানী তুলসীবর্তী দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ের (ছাত্রীনিবাস) সামনে থেকে মায়ের গমন অনুষ্ঠান শুরু হবে। মায়ের গমনে যে সকল ক্লাব ও পূজা কমিটি অংশ নিতে চায় তাদেরকে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তার কার্যালয়ে আগামী ৭ অক্টোবরের মধ্যে অনলাইন বা অফলাইনে দরখাস্ত জমা দিতে হবে। তিনি জানান, বিচারকদের সিদ্ধান্ত অনুযায়ী পশ্চিম ত্রিপুরা জেলা সহ রাজ্যের অন্যান্য জেলায় মোট ৪টি ক্যাটাগরিতে শারদ সন্মান দেওয়া হয়।

ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সদস্য সচিব ড. বিশু কর্মকার শব্দ দূষণের নীতি নির্দেশিকা ক্লাবগুলিকে মেনে চলার আহ্বান জানান। স্বাস্থ্য দপ্তরের যুগ্ম অধিকর্তা ডা. শংকর দাস আসন্ন দুর্গা পূজায় ক্লাবগুলিকে এইচআইভি/এইডস রোগ প্রতিরোধে জনসচেতনতামূলক অনুষ্ঠান আয়োজন করার আহ্বান জানান। এ বিষয়ে তিনি ক্লাব প্রাঙ্গণে বিভিন্ন স্লোগান ডিসপ্লে করার অনুরোধ জানান। এছাড়া আলোচনায় অংশ নেন সদর মহকুমার এসডিপিও মানিকলাল দাস, আগরতলা পুর নিগমের ডেপুটি মিউনিসিপাল কমিশনার সুব্রত বণিক। উপস্থিত ছিলেন সদর মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস।

\*\*\*\*\*